



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/6/2020

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

নভেল করোনাভাইরাস ব্রিফিং-এ, গভর্নর কুওমো আরও 11টি ঘটনা নিশ্চিত করেছেন - যা স্টেট জুড়ে মোট সংখ্যাকে 33-এ উন্নীত করে

নতুন আক্রান্তের মধ্যে আছে ওয়েস্টচেস্টারে 8 জন, রকল্যান্ডে 2 জন এবং নিউ ইয়র্ক সিটিতে 1 জন

নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাব পর্যবেক্ষণ করতে ও প্রতিক্রিয়া জানাতে NYS ইন্টারএজেন্সি টাস্ক ফোর্স স্থানীয় সরকার এবং স্বাস্থ্যসেবা অংশীদারদের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে

গভর্নর কুওমো: "আমি শান্ত হওয়ার তাগিদ দিচ্ছি না। আমি বাস্তবতা বুঝতে অনুরোধ করছি। আমি সংবেদনশীল প্রতিক্রিয়ার বদলে বাস্তবিক প্রতিক্রিয়া জানানোর আহ্বান জানাচ্ছি।"

নভেল করোনাভাইরাস নিয়ে এক ব্রিফিং-এ, গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ আরও 11টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা স্টেটব্যাপী মোট নিশ্চিত ঘটনার সংখ্যা 33-এ উন্নীত করে। গতকাল থেকে সনাক্ত হওয়া নতুন ঘটনার মধ্যে, আটটি ওয়েস্টচেস্টার কাউন্টিতে, দুটি রকল্যান্ড কাউন্টিতে এবং একটি নিউ ইয়র্ক সিটিতে পাওয়া গেছে।

মোট 33 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

- নাসাউ কাউন্টি: 1
- রকল্যান্ড কাউন্টি: 2
- নিউ ইয়র্ক সিটি: 4
- ওয়েস্টচেস্টার কাউন্টি: 26

"যদিও নিউ ইয়র্কে নভেল করোনাভাইরাসের সামগ্রিক ঝুঁকির মাত্রা কম রয়েছে, আমি নিউ ইয়র্কবাসীদের জানাতে চাই যে আমি তাদেরকে শান্ত থাকার তাগিদ দিচ্ছি না। আমি বাস্তব অবস্থা বুঝতে অনুরোধ করছি। আমি আবেগপ্রবণ প্রতিক্রিয়ার বদলে বাস্তবতামূলক প্রতিক্রিয়া জানানোর আহ্বান জানাচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কে আমাদের কাছে বিশ্বের সবচেয়ে পরিশীলিত

স্বাস্থ্যসেবা ব্যবস্থা রয়েছে এবং আমরা নিউ ইয়র্ককে নিরাপদ রাখতে পরীক্ষা-নিরীক্ষা, আক্রান্তদের পৃথকীকরণ নীতি এবং রোগদমন অনুসরণকে অগ্রাধিকার দিচ্ছি।"

অধিকন্তু, গভর্নর ঘোষণা করেছিলেন যে একটি নিউ ইয়র্ক ইন্টারএজেন্সি টাস্ক ফোর্স (New York State interagency task force) নভেল করোনভাইরাসের প্রকোপ পর্যবেক্ষণ করতে ও প্রতিক্রিয়া জানাতে স্থানীয় সরকার এবং স্বাস্থ্যসেবা অংশীদারদের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে। টাস্ক ফোর্সের সদস্যদের মধ্যে রয়েছেন:

- আর্থিক পরিষেবা অধিদপ্তরের (Department of Financial Services), অধীক্ষক, লিন্ডা লেসওয়েল
- স্বাস্থ্য বিভাগের (Department of Health), কমিশনার, ডা. হাওয়ার্ড জুকার
- মেলিসা ডিরোজা, গভর্নরের সেক্রেটারি
- বিশেষ আইন উপদেষ্টা, বেথ গারভি
- আর্থিক পরিষেবা অধিদপ্তরের, উপ-অধীক্ষক, গ্যারেথ রোডস
- অর্থনৈতিক উন্নয়ন উপ-সচিব, সাইমোনিডা সুবোটিক
- স্টেট ক্রিয়াপ্রণালী ও অবকাঠামোর (State Operations and Infrastructure) পরিচালক, কেলি কামিংস
- জরুরী ব্যবস্থাপনা পরিচালক, মাইকেল কোপি
- হোমল্যান্ড সুরক্ষা এবং জরুরী পরিষেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services), কমিশনার, প্যাট্রিক মারফি
- সাধারণ পরিষেবা অফিসের (Office of General Services), কমিশনার, রোঅ্যান ডেসটিটো
- মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA), সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, প্যাট ফোয়ি
- নিউ ইয়র্ক এবং নিউ জার্সির পোর্ট অথোরিটির (Port Authority of New York and New Jersey), নির্বাহী পরিচালক, রিক কটন
- শিক্ষা বিষয়ক উপ-সচিব, ড্যান ফুলার
- বাজেটের বিভাগের (Division of Budget), উপ পরিচালক, স্যান্ড্রা বিটি

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)